पंजीकृत एवं प्रधान कार्यालय
Registered & Head Office
ताम्र भवन TAMRA BHAVAN
1, आशुतोष चौधरी एवेन्यू
1, Ashutosh Chowdhury Avenue,
पो०बॉ०सं० P.B. NO. 10224
कोलकाता KOLKATA - 700 019

No. HCL/SCY/SE/2025

Date: 15th November, 2025

The Sr. General Manager
Dept. of Corporate Services
BSE Limited
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street
Mumbai 400 001
BSE Scrip Code: 513599

The Vice President
Listing Department
National Stock Exchange of India Ltd
Exchange Plaza, C-1, Block G
Bandra-Kurla Complex, Bandra(East)
Mumbai 400 051
NSE Symbol: HINDCOPPER

Sir / Madam,

Sub: Newspaper clipping of Corrigendum to the Unaudited Financial Results of Hindustan Copper Ltd for the quarter ended 30.09.2025 published in the newspaper on 12.11.2025

This is in furtherance to our Letter of even Number dated 12.11.2025 regarding newspaper clippings of the Unaudited Financial Results of Hindustan Copper Ltd for the quarter ended 30.09.2025. In continuation of the same, we are enclosing newspaper clipping of Corrigendum published in one English newspaper- “Economics Times" and two Bengali newspaper- “Dainik Statesman” and “Aajkaal” on 15.11.2025

The above is submitted Pursuant to Regulation 30 and 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 for information and record please.

Thanking you,

Yours faithfully,

MRITUNJAY KUMAR DEV
Digitally signed by MRITUNJAY KUMAR DEV
Date: 2025.11.15 14:43:17 +05'30'

(Mritunjay Kumar Dev)
Company Secretary &
Compliance Officer

Encl: As stated

Anil Ambani's Virtual Appeal Rejected; ED Issues Fresh Summons

Agency insists on in-person appearance as FEMA probe tightens on project funds

Raghav Ohri

New Delhi: Rejecting industrialist Anil Ambani's request for a virtual appearance in an ongoing FEMA investigation, the Enforcement Directorate (ED) has issued fresh summons asking him to appear before the agency on Monday.

Earlier in the day, Ambani's spokesperson said the industrialist had asked the federal agency to allow him to join the proceedings via "virtual means". The ED had called him for questioning on Friday, but he did not appear. The spokesperson add[…] that Ambani has written to t[…] agency assuring "full co-op[…]ation" in the Foreign Exchan[…] Management Act (FEM[…] probe. The investigation cent[…] on the Jaipur–Reengus Highw[…] Project, where authorities s[…]pect about ₹100 crore was tra[…]ferred overseas through illeg[…] channels.

According to Ambani's spok[…]person, the FEMA case da[…] back to 2010 and involved […] purely domestic contract w[…] no foreign exchange compone[…] whatsoever". The statement a[…] said the JR Toll Road project h[…] been fully completed and has been with the National Highways Authority of India since 2021. It added that "Anil D Ambani is not a member of the board of Reliance Infrastructure".

He served as a non-executive director between April 2007 and March 2022 and "was never involved in day-to-day management". Earlier this week, the ED made a third arrest in its money-laundering probe linked to an alleged multi-thousand-crore loan fraud involving the Reliance Anil Dhirubhai Ambani (ADA) Group. The agency arrested Amar Nath Dutta, accused of playing an "active role" in submitting forged bank guarantees worth over ₹68 crore to help a Reliance Power subsidiary participate in a Solar Energy Corporation of India tender.

हिन्दुस्तान कॉपर लिमिटेड

HINDUSTAN COPPER LIMITED

(A Government of India Enterprise)

CORRIGENDUM

In reference to the "Extract of Consolidated Financial Results for the Quarter and Half Year ended 30th September, 2025" published by Hindustan Copper Ltd on 12.11.2025, the words "Audited" and "Audit Report" mentioned below the table, may please be read as **"Unaudited"** and **"Independent Auditor's Report"** respectively.

Regd. Office: Tamra Bhavan, 1, Ashutosh Chowdhury Avenue, Kolkata - 700019
Tel: (033) 2283-2226, E-mail: investors_cs@hindustancopper.com
Website: www.hindustancopper.com, CIN: L27201WB1967GOI028825

GMDC Gujarat Mineral Development Corporation Ltd.

Committed to the Nation. Connected to Its People.

As one of India's leading mining PSUs, GMDC remains deeply committed to the nation's growth and energy security. With a strong legacy in lignite, GMDC is expanding its horizon through upcoming coal mines in Odisha that will further strengthen India's path to energy independence. At the same time, through its copper exploration in Ambaji and rare earth in Ambadungar, GMDC is building a future-ready portfolio that supports India's net zero vision.

(See Regulation 47 of the SEBI (LODR) Regulations, 2015)

UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER / HALF YEAR ENDED SEPTEMBER 30, 2025

(₹ in Crore)

Sr No.	Particulars	STANDALONE					
		Quarter ended			Half year Ended On		Year Ended
		30/09/2025	30/06/2025	30/09/2024	30/09/2025	30/09/2024	31/03/2025
		(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Audited)
1	Total Income from Operations (net)	527.58	732.60	593.01	1,260.18	1,411.14	2,850.84
2	Net Profit for the period (before Tax and Exceptional items)	159.51	224.69	182.53	384.20	432.12	896.72
3	Net Profit for the period before tax (after Exceptional items)	633.94	224.69	182.53	858.63	432.12	896.72
4	Net Profit for the period after tax (after Exceptional items)	470.35	164.13	129.18	634.48	313.75	687.86
5	Total Comprehensive Income for the period [Comprising Profit for the period after tax and Other Comprehensive Income (after tax)]	449.35	187.79	140.60	637.14	384.36	618.01
6	Equity Share Capital	63.60	63.60	63.60	63.60	63.60	63.60
7	Reserves (excluding Revaluation Reserve as shown in the Balance Sheet)						6,309.83
8	Earning Per Share (of ₹ 2/- each) (for continuing and discontinued operations) (not annualised for the Quarter)-						
	1. Basic: (₹)	14.79	5.16	4.07	19.95	9.87	21.63
	2. Diluted (₹)	14.79	5.16	4.07	19.95	9.87	21.63

(₹ in Crore)

Sr No.	Particulars	CONSOLIDATED					
		Quarter ended			Half year Ended On		Year Ended
		30/09/2025	30/06/2025	30/09/2024	30/09/2025	30/09/2024	31/03/2025
		(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Audited)
1	Total Income from Operations (net)	527.58	732.60	593.01	1,260.18	1,411.14	2,850.84
2	Net Profit for the period (before Tax and Exceptional items)	155.27	224.43	182.06	379.70	431.22	895.77
3	Net Profit for the period before tax (after Exceptional items)	629.70	224.43	182.06	854.13	431.22	895.77
4	Net Profit for the period after tax (after Exceptional items)	465.75	163.77	127.86	629.52	311.91	685.79
5	Total Comprehensive Income for the period [Comprising Profit for the period after tax and Other Comprehensive Income (after tax)]	444.75	187.43	139.28	632.18	382.52	615.94
6	Equity Share Capital	63.60	63.60	63.60	63.60	63.60	63.60
7	Reserves (excluding Revaluation Reserve as shown in the Balance Sheet)						6,348.14
8	Earning Per Share (of ₹ 2/- each) (for continuing and discontinued operations) (not annualised for the Quarter)-						
	1. Basic: (₹)	14.65	5.15	4.02	19.80	9.81	21.57
	2. Diluted (₹)	14.65	5.15	4.02	19.80	9.81	21.57

Note: The above is an extract of the detailed format of Financial Results for the quarter ended on 30th September 2025 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015 and SEBI Circular No. CIR/CFD/FAC/62/2016 dated 5th July 2016. The full format of the Financial Results for the quarter ended on 30th September 2025 alongwith Explanatory Notes is available on the Stock Exchange websites. (www.nseindia.com and www.bseindia.com).

For and on behalf of the Board of Directors,
Roopwant Singh, IAS
Managing Director

Place : Ahmedabad
Date : November 14, 2025

Scan to View Financial Results

Gujarat Mineral Development Corporation Ltd.

MONARCH NETWORTH CAPITAL LIMITED

NAVIGATING TO VALUE

EXTRACT OF CONSOLIDATED & STANDALONE UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND HALF YEAR ENDED SEPTEMBER 30, 2025

(₹ In Lacs except EPS)

Particulars	Consolidated				Standalone			
	Quarter Ended	Half Year Ended	Quarter Ended	Year Ended	Quarter Ended	Half Year Ended	Quarter Ended	Year Ended
	Un-Audited	Un-Audited	Un-Audited	Audited	Un-Audited	Un-Audited	Un-Audited	Audited
	30.09.2025	30.09.2025	30.09.2024	31.03.2025	30.09.2025	30.09.2025	30.09.2024	31.03.2025
Total Income from operations (Net)	8,341.40	18,179.75	10,425.60	32,797.45	7,998.33	17,766.26	10,319.42	32,296.24
Net Profit / (Loss) for the period before tax (Before Exceptional and/or Extraordinary items)	6,080.18	12,031.48	5,656.20	19,273.50	5,691.72	11,505.34	5,474.49	18,643.11
Net Profit / (Loss) for the period before tax (After Exceptional and /or Extraordinary items)	6,080.18	12,031.30	5,657.21	19,267.65	5,691.72	11,505.16	5,475.50	18,637.27
Net Profit / (Loss) for the period after tax (After Exceptional and/or Extraordinary items)	4,497.23	9,022.30	4,398.37	14,926.60	4,215.22	8,638.74	4,271.72	14,395.17
Total Comprehensive Income for the period [Comprising profit/loss for the period (after tax) and other comprehensive Income (after tax)]	4,493.94	9,019.01	4,398.37	14,919.99	4,211.93	8,635.45	4,271.72	14,388.60
Paid up Equity Share Capital (Face Value of ₹ 10/- each)	7,926.83	7,926.83	7,846.09	7,846.09	7,926.83	7,926.83	7,846.09	7,846.09
Reserves excluding revaluation reserves	80,059.33	80,059.33	65,131.51	71,832.97	76,909.60	76,909.60	62,475.46	69,066.83
Earnings per Equity Share in ₹ 10/- each (not annualised) i Basic	5.67	11.43	6.13	20.15	5.32	10.94	5.96	19.43
ii Diluted	5.66	11.36	6.05	19.89	5.31	10.87	5.88	19.18

*On a Consolidated basis & for H1FY26 | #Annualized

Notes: The above is an extract of the detailed format of Audited Financial Results filed with BSE Limited & on National Stock Exchange of India Limited under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015.
The full format of the Financial Results are available on the following weblinks:
1) On the BSE : https://www.bseindia.com/stock-share-price/monarch-networth-capital-ltd/monarch/511551/;
2) On the NSE : https://www.nseindia.com/get-quotes/equity?symbol=MONARCH;
3) On Company's website: https://www.mnclgroup.com/investor-relation/investor-relation-financials-quaterly-results

By order of the Board of Directors
For Monarch Networth Capital Limited
Sd/-
Ashok Bafna, Whole Time Director, DIN: 01431472

Place: Mumbai
Date: November 14, 2025

Regd. Office: Unit No. 803-804A, 8th Floor, X-Change Plaza, Block No. 53, Road 5E, Zone - 5, GIFT City, Gandhinagar, Gujarat - 382355
Corp.Office: "Monarch House", Opp Prahladbhai Patel Garden, Near Ishwar Bhuvan, Commerce Six Roads, Navrangpura, Ahmedabad - 380009
Tel No.: +91 079 26666500 | **Email:** cs@mnclgroup.com | **Website:** www.mnclgroup.com | **CIN: L64990GJ1993PLC120014**

VENTIVE HOSPITALITY LIMITED

VENTIVE HOSPITALITY LIMITED

(FORMERLY KNOWN AS ICC REALTY (INDIA) PRIVATE LIMITED)

CREDIT RATING – CRISIL AA (STABLE)

EXTRACT OF STATEMENT OF CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND HALF YEAR ENDED SEPTEMBER 30, 2025

₹ in million

Particulars	CONSOLIDATED					
	Quarter ended	Quarter ended	Quarter ended	Half year ended	Half year ended	Year ended
	September 30, 2025	June 30, 2025	September 30, 2024	September 30, 2025	September 30, 2024	March 31, 2025
	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Audited)	(Audited)
Total income from operations (including other income)	5,545.20	5,199.03	2,678.69	10,744.23	3,889.28	16,725.28
Net Profit/ (loss) for the period including share of profit/(loss) of joint venture (before tax and Exceptional items)	1,199.75	802.95	(240.21)	2,002.70	271.69	2,997.98
Net Profit/ (loss) for the period before tax (after Exceptional items)	1,199.75	802.95	(240.21)	2,002.70	271.69	2,936.89
Net Profit/ (loss) for the period after tax (after Exceptional items)	642.33	379.25	(471.79)	1,021.58	(207.62)	1,650.73
Total Comprehensive Income for the period [Comprising Profit/(loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	1,731.50	367.36	(523.05)	2,098.86	(257.70)	1,912.17
Paid-up Equity Share Capital (Face Value per share - ₹ 1 each)	233.54	233.54	208.66	233.54	208.66	233.54
Other Equity						47,831.95
Earnings Per Share (of ₹ 1/- each) Basic and Diluted (in ₹) Not annualised for interim periods	2.25	1.15	(3.58)	3.40	(2.28)	6.83

NOTES:

1. The above results have been prepared in accordance with the Companies (Indian Accounting Standards) Rules, 2015 as prescribed under Section 133 of the Companies Act, 2013 read with the relevant rules issued thereunder and the other accounting principles generally accepted in India.
2. The above results have been reviewed by the Audit Committee of the Board and approved by the Board of Directors at its meetings held on November 13, 2025. The results have been reviewed by the Statutory Auditors of the Company.
3. **Key numbers of Standalone Financial Results** ₹ in million

Particulars	STANDALONE					
	Quarter ended	Quarter ended	Quarter ended	Half year ended	Half year ended	Year ended
	September 30, 2025	June 30, 2025	September 30, 2024	September 30, 2025	September 30, 2024	March 31, 2025
	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Audited)	(Audited)
Total income from operations (including other income)	1,759.17	1,669.18	1,428.20	3,428.35	2,638.79	6,289.28
Net Profit for the period before tax (after Exceptional items)	761.70	678.43	393.86	1,440.13	905.76	2,085.31
Net Profit for the period after tax (after Exceptional items)	559.76	480.72	207.33	1,040.48	471.50	1,337.05

4. The above is an extract of the detailed format of the Statement of Standalone and Consolidated Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations,2015.The full format of the Statement of Standalone and Consolidated Financial Results for the quarter and half year ended are available on the websites of Stock Exchanges at www.bseindia.com and www.nseindia.com and also on the Company's website at www.ventivehospitality.com. The same can be accessed by scanning the QR code provided below.

Place: PUNE
Date: November 13, 2025

Atul Chordia
Chairman & Executive Director
DIN: 00054998

জেআইএস গ্রুপের উদ্যোগে রাজ্যে প্রথম বেসরকারি ভেটেরিনারি কলেজ উদ্বোধনের ঘোষণা করছেন এই গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর তরণজিৎ সিং। পাশে অধ্যাপক মোজাম্মেল হক, প্রমিত ঘোষাল ও বিদ্যুৎ মজুমদার। কলকাতা প্রেস ক্লাবে, শুক্রবার। ছবি: তপন মুখার্জি

রাজ্যে প্রথম বেসরকারি ভেটেরিনারি কলেজ

আজকালের প্রতিবেদন

রাজ্যে প্রথম বেসরকারি উদ্যোগে বিশ্বমানের ভেটেরিনারি কলেজ হল হুগলির মগড়াতে। পশুদের চিকিৎসার সুযোগ রয়েছে। জেআইএস গ্রুপ হাঁসখাড়াতে এই কলেজ তৈরি করেছে। ১ ডিসেম্বর থেকেই ক্লাস শুরু হয়ে যাবে 'জেআইএস কলেজ অফ ভেটেরিনারি অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্সেস'-এ। ভেটেরিনারি কাউন্সিল অফ ইন্ডিয়া এবং রাজ্যের প্রাণিসম্পদ বিকাশ দপ্তর এই বেসরকারি কলেজের অনুমোদন দিয়েছে। কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোজাম্মেল হক শুক্রবার কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিক বৈঠকে একথা জানিয়েছেন। জেআইএস গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর তরণজিৎ সিং বলেন, 'আমাদের রাজ্যে পশুচিকিৎসকের অভাব রয়েছে। তাই এই কলেজ তৈরির উদ্যোগ নিয়েছি। এখানে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ১ হাজার কর্মসংস্থান হবে।' এই কলেজ তৈরিতে বিনিয়োগ করা হয়েছে ৩০০ কোটি টাকা। এই ধরনের বেসরকারি কলেজ পূর্বাঞ্চলে প্রথম।' এই সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন প্রমিত ঘোষাল। কলেজের অধ্যক্ষ জানান, এখানে স্নাতক, স্নাতকোত্তর স্তরে পড়ার পাশাপাশি ছাত্রছাত্রীদের গবেষণার সুযোগ থাকছে। উচ্চ মাধ্যমিকে ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স হতে হবে। নিট পরীক্ষায় সফল হলে এই কলেজে ভর্তির সুযোগ পাবেন ছাত্রছাত্রীরা। সাড়ে ৪ বছরের কোর্স। ৮০টি আসন রয়েছে। এর মধ্যে অনেক সিটই পূরণ হয়ে গিয়েছে। এই কলেজে পড়াশোনা ও হাতেকলমে কাজ শেখার সব ধরনের সুযোগ-সুবিধা থাকছে। সড়কপথে ও রেলপথে যোগাযোগের সুবিধে রয়েছে। এই কলেজে পশুদের অস্ত্রোপচার, হাড়ের চিকিৎসা, গাইনোকলজি বিভাগ, চোখের চিকিৎসার ব্যবস্থা থাকছে। এছাড়াও অত্যাধুনিক অপারেশন থিয়েটার, সংক্রামক রোগের চিকিৎসার ব্যবস্থাও থাকছে। কৃতী চিকিৎসক, অধ্যাপকরা পড়াবেন ছাত্রছাত্রীদের।

দুর্গাপুরে সিনার্জি সম্মেলন ৫৬০০ কোটি লগ্নির প্রস্তাব

আবির রায়
দুর্গাপুর, ১৪ নভেম্বর

পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া ও পুরুলিয়ায় ক্ষুদ্র ও মাঝারি শিল্পে ৫৬০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব উঠে এল সিনার্জি সম্মেলনে। দুর্গাপুর সিটি সেন্টারের সৃজনী প্রেক্ষাগৃহে শিল্পপতিদের নিয়ে এই সম্মেলন হয়। সেখানে মন্ত্রী চন্দ্রনাথ সিংহ বলেন, 'চার জেলায় ৫৬০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসে গেছে। প্রতি জেলায় ক্ষুদ্র, ছোট, মাঝারি শিল্পে গতি আনতে সিনার্জি সম্মেলন করা হচ্ছে। নতুন উদ্যোগপতিদের অনেকেই শিল্প গড়তে এগিয়ে আসছেন। সারা ভারতের মধ্যে মহিলা উদ্যোগপতিদের সংখ্যা এ রাজ্যে বেশি। শিল্পপতিদের হাতে ঋণ প্রদান করা হচ্ছে। এর থেকেই প্রমাণ হয় বাংলায় শিল্প সম্ভাবনায় অগ্রগতি ঘটছে। এখন আত্মনির্ভর হচ্ছে বাংলার মানুষ। কর্মসংস্থান বৃদ্ধি পাবে।'

আগামী দু'বছরের মধ্যে বাস্তবায়িত হবে, আশা করছে রাজ্যের ক্ষুদ্র ও মাঝারি শিল্প দপ্তর। দুর্গাপুর সিটি সেন্টারের সৃজনী প্রেক্ষাগৃহে শিল্পপতিদের নিয়ে পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার ক্ষুদ্র ছোট ও মাঝারি উদ্যোগপতিদের সমস্যা জানতে এবং সেগুলি সমাধানের জন্য, নতুন শিল্প গড়তে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

ছিলেন মন্ত্রী চন্দ্রনাথ সিংহ, প্রদীপ মজুমদার, সন্ধ্যারানি টুডু-সহ চার জেলার জেলাশাসক, সভাধিপতি ও প্রশাসনিক কর্মকর্তারা। সম্মেলনে পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার বলেন, 'এমনিতে পশ্চিম বর্ধমান জেলা শিল্প প্রধান জেলা হিসেবে চিহ্নিত রয়েছে। আসানসোলে, দুর্গাপুরে একাধিক শিল্পতালুক গড়ে তোলা হচ্ছে। এখানে জলবিদ্যুৎ এবং মানবসম্পদ সবই সহজলভ্য। ব্যাঙ্কগুলি সদর্থক ভূমিকা নেওয়ায় লগ্নি ক্রমবর্ধমান হচ্ছে। শুধুমাত্র পানাগড়, অন্ডাল, আসানসোলে ৩৫০ কোটি টাকা বিনিয়োগ করা হচ্ছে। পূর্ব বর্ধমান, পুরুলিয়া ও বাঁকুড়ায় শালপাতার ক্লাস্টার, হস্তশিল্প-সহ ক্ষুদ্র ও মাঝারি ছোট-বড় কারখানা গড়ে উঠতে চলেছে। পুরুলিয়ায় ৯০ কোটি টাকা, বাঁকুড়ায় ৪৫৯০ কোটি, পূর্ব বর্ধমানে ৫৯০ কোটি টাকা বিনিয়োগ করা হচ্ছে। শক্তিগড়ে দুটি শিল্পতালুক হয়েছে। বাঁকুড়ার বড়জোড়াতে শিল্প পার্ক হচ্ছে। এছাড়া পুরুলিয়ার আধারপুরে শিল্পতালুক হয়েছে। এই জেলার রুক্ষ্ম মাটিতে অনেক শিল্প, কলকারখানা করা যায়। পর্যটন শিল্প নিয়ে কাজ চলছে। জঙ্গল সুন্দরী প্রকল্প চালু হয়ে গেছে।'

এদিন বেশ কয়েকজন উদ্যোগপতির হাতে ঋণ প্রদান করা হয়। নতুন উদ্যোগপতিদের মধ্যে সমন্বয় স্থাপনের জন্য ২০টি দপ্তরের আধিকারিকরা উপস্থিত থেকে তাঁদের সঙ্গে শিল্প প্রস্তাবনা নিয়ে আলোচনা করেন।


সিনার্জি সম্মেলনে মন্ত্রী চন্দ্রনাথ সিংহ, প্রদীপ মজুমদার, সন্ধ্যারানি টুডু। দুর্গাপুর, শুক্রবার। ছবি: প্রতিবেদক

নিউ টাউনে গ্রামীণ ভারত মহোৎসব

আজকালের প্রতিবেদন

বিভিন্ন রাজ্যের গ্রামীণ এলাকার স্বনির্ভর গোষ্ঠী, কৃষক ও গ্রামীণ উদ্যোক্তাদের তৈরি করা পণ্য কলকাতায় বিক্রির সুযোগ করে দিতে মেলার আয়োজন করা হল। নাবার্ড-এর পশ্চিমবঙ্গ আঞ্চলিক দপ্তর এই মেলার আয়োজন করল। নিউ টাউন মেলা প্রাঙ্গণে বৃহস্পতিবার থেকে শুরু হল গ্রামীণ ভারত মহোৎসব নামে এই মেলা। মেলা চলবে ২৩ নভেম্বর পর্যন্ত। মেলায় আছে ৭০-এর বেশি স্টল। দেশের বিভিন্ন প্রান্ত থেকে স্বনির্ভর গোষ্ঠী, কৃষক উৎপাদক সংগঠন ও গ্রামীণ উদ্যোক্তারা এসেছেন এই মেলায়। তাঁদের তৈরি হস্তশিল্প, জৈব পণ্য, প্রক্রিয়াজাত খাদ্যদ্রব্য থেকে শুরু করে পরিবেশবান্ধব বিভিন্ন আকর্ষণীয় সামগ্রী আছে মেলায়। এছাড়া বিভিন্ন ধরনের পোশাকও আছে। আন্তর্জাতিক সমবায় বর্ষ উপলক্ষে নাবার্ড এই মেলায় ১০টি স্টল নিয়ে 'কোঅপারেটিভ প্যাভিলিয়ন' তৈরি করেছে। এখানে প্রাথমিক কৃষি ঋণ সমবায়, দুগ্ধ সমবায়-সহ বিভিন্ন সমবায় সমিতির কাজ ও তাদের সাফল্য তুলে ধরা হল। মেলার উদ্বোধন করেন রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার আঞ্চলিক পরিচালক সুধাংশু প্রসাদ। তিনি গ্রামীণ কৃষক ও শিল্পীদের আর্থিক উন্নয়নে নাবার্ডের ভূমিকার প্রশংসা করেন। নাবার্ড পশ্চিমবঙ্গের চিফ জেনারেল ম্যানেজার পি. কে. ভরদ্বাজ জানান, গ্রামীণ এলাকার মানুষকে স্বনির্ভর করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।


গ্রামীণ ভারত মহোৎসবের উদ্বোধন অনুষ্ঠান। আছেন পি কে ভরদ্বাজ, সুধাংশু প্রসাদ প্রমুখ।

বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু

বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল এক যুবকের। শুক্রবার সকালে দুর্ঘটনাটি ঘটেছে আনন্দপুর থানা এলাকায়। মৃতের নাম শেখ সালাউদ্দিন (২৬)। তিনি গুলশন কলোনির বাসিন্দা। এদিন সকাল ৮টা নাগাদ স্থানীয় একটি নির্মীয়মাণ আবাসনের কাছে খোলা বিদ্যুতের তারের সংস্পর্শে আসেন ওই যুবক। ঘটনাস্থলেই বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সংজ্ঞা হারান তিনি। খবর পেয়ে আনন্দপুর থানার পুলিশ সেখানে পৌঁছোয়। সালাউদ্দিনকে কলকাতা ন্যাশনাল মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।


শুরু হল ডাকটিকিট প্রদর্শনী 'বঙ্গপেক্স ২০২৫'। শেষ হবে ১৭ নভেম্বর, সোমবার। উদ্বোধনে ছিলেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস, পদ্মশ্রী মমতাশঙ্কর, নেতাজি রিসার্চ ব্যুরোর ডিরেক্টর ডাঃ সুমন্ত্র বোস, ফিলাটেলিক কংগ্রেস অফ ইন্ডিয়ার সেক্রেটারি জেনারেল রাজেশ বাগড়ি, অ্যাক্টিং প্রেসিডেন্ট মধুকর দেওগাওনকর। ছিলেন পশ্চিমবঙ্গ সার্কেলের চিফ পোস্ট মাস্টার জেনারেল অশোক কুমার এবং পোস্টাল জেনারেল, ফিনান্স আর কে সিং-সহ বিশিষ্টরা। প্রদর্শনী উদ্বোধনের দিনই ছাত্রছাত্রীদের ভিড় দেখা যায়। সায়েন্স সিটিতে, শুক্রবার। ছবি: বিজয় সেনগুপ্ত

চলন্ত গাড়িতে অসুস্থ চালক, দুর্ঘটনা

চলন্ত গাড়িতে অসুস্থ হয়ে দুর্ঘটনা ঘটালেন চালক। পরে তাঁর মৃত্যু হয়। বৃহস্পতিবার রাতে ঘটনাটি ঘটেছে আলিপুর থানা এলাকার ডায়মন্ড হারবার রোডে। মৃতের নাম নীরজকুমার সিং (৫১)। পেশায় গাড়িচালক ওই প্রৌঢ় বিহারের সিওয়ানের বাসিন্দা। পুলিশ জানিয়েছে, ওইদিন রাতে লাক্সারি ট্যাক্সি চালিয়ে ডায়মন্ড হারবার রোড ধরে খিদিরপুরের দিকে যাচ্ছিলেন নীরজকুমার। সেন্ট থমাস স্কুলের সামনে আসতেই তিনি হঠাৎই অসুস্থ বোধ করেন। এর ফলে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন চালক। এরপরেই রাস্তার মাঝের ডিভাইডারে ধাক্কা মেরে দাঁড়িয়ে পড়ে গাড়িটি। স্থানীয়রা ছুটে এসে দেখেন, চালকের আসনে সংজ্ঞাহীন অবস্থায় বসে রয়েছেন চালক। আলিপুর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাঁকে এসএসকেএম হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

প্রান্তিক শিশুদের পাশে আকাশবাণী

শিশু দিবসে প্রান্তিক ও পিছিয়ে-পড়া শিশুদের সঙ্গে অনুষ্ঠানে মেতে উঠল আকাশবাণী কলকাতার এফএম বাংলা বিভাগ। উত্তর কলকাতার শোভাবাজারে গঙ্গার ঘাট এলাকায় এদিন সকালে পিছিয়ে-পড়া শিশুদের কাছে পৌঁছে যান আকাশবাণীর এফএম গোল্ড ও এফএম রেনবো প্রচার তরঙ্গের প্রতিনিধিরা। এই শিশুদের বয়স ৩ থেকে ১০ বছরের মধ্যে। তাদের হাতে তুলে দেওয়া হয় খাবার, খাতা, পেন্সিল, রং। শোনা হয় তাদের গল্প। এই বাচ্চাদের কেউ থাকে একচালা ঘরে, কেউ অভাব-অনটনকে সঙ্গী করেই পড়াশোনা করছে। তাদের সঙ্গে কথা বলেন এফএমের জনপ্রিয় রেডিও জকি বা আরজে-রা। সমাজমাধ্যমেও তাদের কথা তুলে ধরা হয়। রোজকারের জীবনের মাঝে খানিক আনন্দের মুহূর্ত খুঁজে পাওয়ায় বেজায় খুশি খুদের দল। আকাশবাণীর আধিকারিক শুভায়ন বালা বলেন, 'আজ তো ওদেরই দিন। ওদের পাশে থাকতে পেরেই আমরা খুশি।'

সিবিআইকে 'নির্লজ্জ' বলে তোপ আরজি করের নির্যাতিতার মায়ের

নিজস্ব প্রতিনিধি–– আরজি কর মেডিক্যালে তরুণী চিকিৎসককে ধর্ষণ-খুন মামলায় ফের একবার সিবিআইয়ের দিকে আঙুল তুলেছেন নির্যাতিতার মা। শিয়ালদহ আদালতকক্ষে সিবিআইকে 'নির্লজ্জ' বলে ক্ষোভ উগরে দেন তিনি। নির্যাতিতার মায়ের কটাক্ষের শিকার হয়ে আদালতকক্ষ থেকে বেরিয়ে কাঁদতে কাঁদতে সিবিআইয়ের তদন্তকারী অফিসার বলেন, 'আমিও মা'। আদালতে গোপন জবানবন্দি দেওয়ার ইচ্ছা প্রকাশ করেছেন মৃত তরুণীর মা।

শুক্রবার শিয়ালদহ আদালতে আরজি কর হাসপাতালে ধর্ষণ এবং হত্যা মামলার সপ্তম স্টেটাস রিপোর্ট জমা দেয় সিবিআই। এদিন এজলাসে নির্যাতিতার বাবা বিচারকের উদ্দেশে জানান, সিবিআই অপরাধীকে বাঁচানোর জন্য যা করার তাই করছে। সিবিআই বড় তদন্তকারী সংস্থা। পাশাপাশি তাঁর অভিযোগ, তদন্তকারী অফিসার তাঁর ফোন তোলেন না। হস্টেল থেকে কী পাওয়া গিয়েছে তা তদন্তকারী অফিসার বলছেন না। দিল্লিতে গিয়ে ডিরেক্টরের কাছে একাধিক প্রশ্ন করার পর তিনি বলেছিলেন, তা হলে সিবিআই মামলা ছেড়ে দিচ্ছে। তাঁদের এই বক্তব্য কোর্টে জানাতে বলেন নির্যাতিতার বাবা। তারপর সিবিআইয়ের তরফে জানানো হয়, অতিরিক্ত চার্জশিট দেওয়া হবে। এরপরই বিচারক নির্যাতিতার বাবাকে জিজ্ঞাসা করেন, হোস্টেল থেকে কি গুরুত্বপূর্ণ কিছু পাওয়া গিয়েছিল ? এই প্রশ্নের জবাবে মৃত চিকিৎসকের বাবা জানান, গুরুত্বপূর্ণ কিছু জিনিস পাওয়া গিয়েছিল। গোপন জবানবন্দি দিয়ে এবিষয়ে জানানোর ইচ্ছাপ্রকাশ করেন তাঁরা। নির্যাতিতার বাবা আদালতে আরও জানিয়েছেন, সিবিআইয়ের তদন্তকারী অফিসার (আইও) তাঁদের বাড়িতে এসে বলেছিলেন, মেয়েটার কপাল খারাপ। সঞ্জয় তাঁকে ধর্ষণ করে খুন করেছে।

নির্যাতিতার মা আদালতে জানিয়েছেন, তিনি মেয়ে হারিয়েছেন। কেন তাঁকে বলতে দেওয়া হবে না সেই প্রশ্ন তোলেন তিনি। তাঁর অভিযোগ, তদন্ত চলাকালীন একটা সময়ে মেয়ের বাবাকে কী বলতে বলে তা–ও শিখিয়ে দিয়েছেন তদন্তকারী অফিসার। ঘটনার দিন তাঁর মেয়ে কোথায় ছিলেন তা জানতে চান তিনি। মেয়ের মৃত্যুর পর কেন মুখ্যমন্ত্রীর নির্দেশে তাঁদের সেমিনার রুমে ঢুকে মেয়ের মুখ দেখতে হবে সেই প্রশ্নও তোলেন নির্যাতিতার মা।

রুশ ড্রোন হানায় কিয়েভে ভেঙে পড়ল প্রচুর বহুতল

কিয়েভ, ১৪ নভেম্বর— বৃহস্পতিবার রাতে রুশ ড্রোন হামলায় কিয়েভের পূর্বাঞ্চলের আবাসন ব্লকে অন্তত ৪ জন প্রাণ হারিয়েছেন বলে জানা গিয়েছে। লাগাতার রুশ আক্রমণের জেরে লিসোভি এলাকার প্রচুর আবাসন ধ্বংস হয়ে গিয়েছে। ইউক্রেনের প্রেসিডেন্ট ভ্লোদিমির জেলেনস্কি জানিয়েছেন ৪৩০ টি ড্রোন এবং ১৮টি মিসাইল উৎক্ষেপণ করা হয়েছিল যেগুলি প্রচুর বহুতল আবাসনকে ধ্বংস করেছে।

লিসোভি এলাকা ছাড়াও আরও কিছু এলাকাকে নিশানা করে আক্রমণ চালায় রাশিয়া। দক্ষিণ ছরনোমর্স্কের একটি বাজারে একটি ড্রোন হামলায় মৃত্যু হয়েছে দু'জনের। ইউক্রেন পালটা আক্রমণ চালায় এবং প্রেসিডেন্ট জেলেনস্কি বলেছেন তাঁরা 'লং নেপচুন' ক্রুজ মিসাইল ব্যবহার করে রাশিয়ার উপর রাতভর হামলা চালান। মেয়র আন্দ্রেই ক্রাভচেঙ্কো এমার্জেন্সি ঘোষণা করেছেন এবং খনিজ তেলের রপ্তানি আপাতত বন্ধ করা হয়েছে।

কিয়েভের প্রায় প্রতিটি জেলায় আবাসনগুলির উপর ড্রোন আক্রমণ হয়েছে বলে জানা গিয়েছে। লিসোভি এলাকায় একটি ড্রোন, একটি আবাসনের সাত তলায় বিস্ফোরণ ঘটায় এবং এর ফলে গোটা বহুতলটি ভেঙে পড়ে। ভিটা নামের এক প্রত্যক্ষদর্শী বলেন যে তিনি নিজে চোখে দেখেছেন তাঁর আবাসন থেকে খানিকটা দূরে একটি ভেঙে পড়া বহুতল থেকে চারজনের মৃতদেহ উদ্ধার করা হচ্ছে। উদ্ধারকারী দল ধ্বংসপ্রাপ্ত আবাসন ব্লকগুলিতে তল্লাশি চালিয়েছে কোনো মানুষ আটকে পড়ছেন কিনা তা নিশ্চিত করার জন্য। ৪০ জনের বেশি মানুষকে উদ্ধার করা হয়েছে।

ইউক্রেনের এক মন্ত্রী এক সংবাদমাধ্যমকে বলেছেন, 'ইউক্রেনের উপর ড্রোন এবং ব্যালিস্টিক মিসাইল দিয়ে ভয়াবহ হামলা চালানো হয়েছে। মাঝে মাঝে মনে হচ্ছিল বিছানা আর ঘরের জানলা কাঁপছে' ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে স্বাস্থ্যকর্মীদের দল মোতায়েন করা হয়েছে। ন'জন আহতকে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রাখা হয়েছে। জানা গিয়েছে তাঁদের মধ্যে একজনের অবস্থা সঙ্কটজনক।

সন্তানকে বাঁচাতে গিয়ে দুর্ঘটনায় মৃত্যু মায়ের

নিজস্ব প্রতিনিধি— সন্তানকে বাঁচাতে গিয়ে দুর্ঘটনায় মৃত্যু হল মায়ের। বৃহস্পতিবার রাতে কৈখালিতে দুর্ঘটনাটি ঘটেছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, নিয়ন্ত্রণ হারিয়ে স্কুটির চাকা পিছলে মায়ের কোল থেকে ছিটকে পড়ে গিয়েছিল শিশু। সঙ্গে ছিটকে পড়েছিলেন শিশুর বাবা–মা–ও। সেই সময় সন্তানকে বাঁচাতে গিয়ে নিজেই ট্রাকের চাকায় পিষ্ট হয়ে যান মহিলা। তাঁকে উদ্ধার করে আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে আসা হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। দেহটি উদ্ধার করে পাঠানো হয়েছে ময়নাতদন্তের জন্য। জানা গিয়েছে, ৩ জনের কারও মাথাতেই হেলমেট ছিল না। ঘাতক ট্রাকের চালককে আটক করেছে বাগুইআটি থানার পুলিশ। আটক করা হয়েছে ট্রাকটিকেও।

পুলিশ সূত্রে খবর, মৃত মহিলার নাম পূজা মণ্ডল (৩৪)। তাঁর বাড়ি হাতিয়াড়ার ঝিলপাড়া এলাকায়। বৃহস্পতিবার রাতে ইলেকট্রিক স্কুটিতে চড়ে স্বামীর সঙ্গে বেরিয়েছিলেন পূজা। সঙ্গে ছিল তাঁদের সন্তান। তাঁরা কৈখালির দিক থেকে স্কুটিতে চেপে বিমানবন্দরের দিকে যাওয়ার সময়ে আচমকা হলদিরাম মোড়ের কাছে স্কুটিটি নিয়ন্ত্রণ হারিয়ে পড়ে যায়। সঙ্গে সঙ্গে ছিটকে পড়েন তিন জন আরোহী। সন্তানের প্রাণ বাঁচাতে তাকে রাস্তায় দাঁড়িয়ে থাকা পথচারীদের দিকে ছুড়ে দেন পূজা। ওই মুহূর্তেই কৈখালির দিক থেকে আসা একটি ট্রাকের চাকায় পিষ্ট হন তিনি। ট্রাকটি দ্রুতগতিতে ছিল বলে জানিয়েছেন প্রত্যক্ষদর্শীরা।

এসআইআর আতঙ্ক, আমবাড়িতে উদ্ধার বৃদ্ধের ঝুলন্ত দেহ

নিজস্ব প্রতিনিধি–– রাজ্যে ফের এসআইআর আতঙ্কে মৃত্যুর অভিযোগ উঠেছে শিলিগুড়ি সংলগ্ন আমবাড়ি এলাকায়। শুক্রবার সকালে এলাকার একটি গাছ থেকে এক বৃদ্ধের ঝুলন্ত দেহ উদ্ধার করা হয়। পরিবারের সদস্যদের দাবি, মেয়ের নামে এনুমারেশন ফর্ম না আসায় আতঙ্কে আত্মঘাতী হয়েছেন ওই বৃদ্ধ। দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে পুলিশ। অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু হয়েছে। খবর পেয়ে মৃতের বাড়িতে এসে পরিবারকে পাশে থাকার আশ্বাস দিয়েছেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়।

মৃতের নাম ভুবনচন্দ্র রায় (৬০)। তাঁর বাড়ি জলপাইগুড়ির আমবাড়ির কামারভিটায়। তাঁর স্ত্রী ও এক মেয়ে রয়েছে। ৩–৪ দিন আগে বিএলও এসে তাঁদের বাড়িতে এনুমারেশন ফর্ম দিয়ে যান। বাড়ির বাকি সদস্যদের নামে ফর্ম এলেও ভুবনের মেয়ের নামে ফর্ম আসেনি। এই নিয়ে দুশ্চিন্তায় ভুগছিলেন তিনি। এবিষয়ে পরিবারের সদস্য ও বন্ধুবান্ধবদের সঙ্গে কথা বলেছিলেন তিনি। কিন্তু তাঁর চিন্তা দূর হয়নি। এই আবহে বৃহস্পতিবার রাত থেকে ভুবনের খোঁজ পাওয়া যাচ্ছিল না। তাঁর খোঁজে গ্রামে শুরু হয় তল্লাশি। অবশেষে শুক্রবার ভোরে বাড়ির পাশের মাঠের একটি গাছ থেকে তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার করা হয়।

ভুবনের স্ত্রী সোমা রায় জানিয়েছেন, এর আগে তাঁদের মেয়ে ভোট দিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও এনুমারেশন ফর্ম না আসায় দুশ্চিন্তায় ছিলেন ভুবন। এই আতঙ্কেই আত্মঘাতী হয়েছেন তিনি। দেহ উদ্ধারের খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ। ময়নাতদন্তের জন্য দেহটি পাঠানো হয় উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে। খবর পেয়ে ভুবনের বাড়িতে আসেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়। বিজেপির দাবি, ভুবনের মেয়ের অন্য জায়গায় বিয়ে হয়ে যাওয়ায় এলাকার ভোটার তালিকা থেকে নাম কাটা গিয়ে থাকতে পারে।

উল্লেখ্য, এসআইআর ঘোষণার পর সর্বপ্রথম আত্মঘাতী হন পানিহাটির প্রদীপ কর। এরপর বীরভূমের ইলামবাজারের ক্ষিতীশ মজুমদার, টিটাগড়ের কাকলি সরকার, হাওড়ার উলুবেড়িয়ার জাহির মাল, মুর্শিদাবাদের কান্দির মোহন শেখ, দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের সফিউল গাজি, বহরমপুরের তারক সাহা সহ আরও অনেকে আত্মঘাতী হন। এসআইআর–এর কাজ করতে গিয়ে অসুস্থ হয়ে মৃত্যু হয় এক বিএলও–রও। এসআইআর আতঙ্কে অসুস্থ হয়ে নদিয়ার তাহেরপুর থানার কালীনারায়ণপুর পাহাড়পুরের কৃষ্ণচকপুর মণ্ডলপাড়ার বাসিন্দা শ্যামল কুমার সাহা সহ আরও কয়েকজনের মৃত্যু হয়। অন্যদিকে, এসআইআর আতঙ্কে মেয়েকে কীটনাশক খাইয়ে আত্মহত্যার চেষ্টা করেছিলেন হুগলির ধনেখালির আশা সোরেন। এসএসকেএম হাসপাতালে ওই মহিলার মৃত্যু হয়। স্থিতিশীল রয়েছে তাঁর শিশুকন্যা। এসআইআর আতঙ্কে দক্ষিণ দিনাজপুরের কুমারগঞ্জের বৃদ্ধ ওছমান মণ্ডল আত্মঘাতী হন। এদিনই রাতে নোয়াপাড়ায় আত্মহত্যা করেন টোটোচালক সুমন মজুমদার। এই তালিকায় যুক্ত হল আমবাড়ির ভুবনচন্দ্র রায়ের নাম।

ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতালে শিশুদিবস

নিজস্ব প্রতিনিধি— সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট বিগত কয়েক দশক ধরে আর্থিকভাবে অসচ্ছল ক্যান্সার আক্রান্ত রোগীদের জন্য উন্নত চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এর অন্যতম অনন্য উদ্যোগ হল চাইল্ড কেয়ার সেন্টার, যা ডিজনিল্যান্ডের আদলে গড়ে তোলা—শিশু ক্যান্সার রোগীদের জীবনে আনন্দ ও আশার রঙ আনতে। অসহায় ও আর্থিকভাবে দুর্বল ক্যান্সার আক্রান্ত রোগীদের প্রতি মানবিক সেবার জন্য পরিচিত সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট শিশুদিবস উপলক্ষে বিশেষ অনুষ্ঠান আর্ন-আ-স্মাইল' আয়োজন করে। অনুষ্ঠানের উদ্বোধন করেন ডিরেক্টর ডা. অর্ণব গুপ্ত, সচিব অঞ্জন গুপ্ত, এবং ডা. গৌতম ভট্টাচার্য।

নীতীশের প্রত্যাবর্তন

একের পৃষ্ঠার পর

মহিলা ও যুব সমাজের উপর বিশেষ গুরুত্ব আরোপ, সরাসরি উপভোক্তাদের কাছে প্রকল্পের সুবিধা পৌঁছে দেওয়া এবং আইনশৃঙ্খলা ও গ্রামীণ উন্নয়ন কার্যক্রম এই ফলাফলের মূল কারণ বলে মনে করা হচ্ছে।

এবারের নির্বাচনের এই বিস্ময়কর ফলাফলের পর এনডিএ জোটের নেতৃত্বকে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে হবে— নীতীশ কুমার পুনরায় মুখ্যমন্ত্রী হবেন, নাকি জোটের অন্য কোনও প্রার্থীকে এই পদে বসানো হবে। রাজনৈতিক বিশেষজ্ঞরা বলছেন, এনডিএর জোট শরিকদের সঙ্গে আলোচনার পরেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

সর্বশেষ পরিস্থিতিতে এটা স্পষ্ট যে, বিহারের রাজনীতিতে নীতীশ কুমারের অবস্থান শক্তিশালী হলেও মুখ্যমন্ত্রীর পদ নিয়ে রাজনৈতিক সিদ্ধান্তের পথ এখনও উন্মুক্ত এবং সবাই আলোচনার অপেক্ষায় রয়েছেন।

পুনেতে ৬টি গাড়িকে ধাক্কা ট্রাকের, অগ্নিদগ্ধ হয়ে মৃত ৮

মুম্বই, ১৪ নভেম্বর— পুনে-বেঙ্গালুরু জাতীয় সড়কে মর্মান্তিক দুর্ঘটনা ঘটেছে। দ্রুতগতিতে ছুটে আসা একটি ট্রাকের সঙ্গে একাধিক গাড়ির সংঘর্ষ হয়। কিছুক্ষণের মধ্যেই আগুন ধরে যায় কয়েকটি গাড়িতে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, এই দুর্ঘটনায় কমপক্ষে আটজনের মৃত্যু হয়েছে, যাঁদের অধিকাংশই গাড়ির ভিতরে আটকে পুড়ে মারা গিয়েছেন। আহত হয়েছেন অন্তত ২০ জন। আহতদের মধ্যে বেশ কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক।

পুলিশের বক্তব্য, কাটরাজ দেহু রোড বাইপাস হয়ে সাতারা থেকে মুম্বইয়ের দিকে যাচ্ছিল ট্রাকটি। সম্ভবত ব্রেক ফেল করার কারণে, নাভালে ব্রিজের ঢালে সেটি নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে। বিকেল সাড়ে ৫টা নাগাদ ট্রাকটি একাধিক গাড়িকে ধাক্কা দেয়। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ, দমকল ও উদ্ধারকারী দল। ডেপুটি কমিশনার অফ পুলিশ সম্ভাজি কদম বলেন, 'জোরে ধাক্কা লাগার কারণেই একটি গাড়িতে আগুন লেগে যায়।'

প্রাথমিক তদন্তে উঠে এসেছে, অতিরিক্ত গতির কারণেই দুর্ঘটনা ঘটেছে। ফরেনসিক দল ঘটনাস্থল থেকে প্রমাণ সংগ্রহ করছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, নাভালে ব্রিজের এই অংশটি অত্যন্ত বিপজ্জনক। আগেও একাধিকবার একই স্থানে দুর্ঘটনা ঘটেছে। তাঁরা জানিয়েছেন, বারবার দুর্ঘটনা ঘটলেও প্রশাসনের তরফে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। এক প্রত্যক্ষদর্শী বলেন, 'মুহূর্তে গাড়িগুলোতে আগুনে জ্বলে ওঠে। আগুনের তাপে কেউ কাছে যেতেও পারছিলেন না।'

পুলিশ সূত্রে জানা গিয়েছে, দুর্ঘটনার জেরে দুটি কন্টেনার, একটি মিনিবাস এবং তিন থেকে চারটি প্রাইভেট গাড়ি পুরোপুরি পুড়ে গিয়েছে। সংঘর্ষের পর যানবাহনগুলিতে আগুন ধরে যায়। এর জেরে মানুষের মধ্যে চরম আতঙ্কের সৃষ্টি হয়। ব্যস্ত সময়ে দুর্ঘটনার জেরে পুনে-বেঙ্গালুরু হাইওয়েতে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। পুলিশ ও দমকল বাহিনী সারারাত উদ্ধারকাজ চালায়। সকালে দিকে পরিস্থিতি স্বাভাবিক হয়।

মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। নিহতদের নিকটাত্মীয়দের জন্য ৫ লক্ষ টাকা করে ক্ষতিপূরণও ঘোষণা করেছেন তিনি। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী সমাজমাধ্যমে লেখেন, 'পুনের নতুন সেতুতে দুর্ঘটনায় কিছু লোকের প্রাণহানির ঘটনা অত্যন্ত মর্মান্তিক এবং হৃদয়বিদারক। নিহতদের পরিবারের সদস্যদের সমবেদনা জানাচ্ছি। এই দুর্ঘটনায় নিহতদের উত্তরাধিকারীদের ৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে।'

জঙ্গিদের মৃত্যুদণ্ড দিতে নতুন বিল

জেরুজালেম, ১৪ নভেম্বর— ইজরায়েল ঘাতক জঙ্গিদের মৃত্যুদণ্ডে দণ্ডিত করার উদ্দেশে একটি বিল প্রস্তাব করেছে। এই বিলের প্রস্তাব আনা হয়েছে 'নেসেট'এর উগ্র জাতীয়তাবাদী সদস্যদের তরফ থেকে। এই বিল পাশ হলে যারা ইজরায়েলিদের হত্যা করেছেন তাঁদের সকলকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করা বাধ্যতামূলক করবে এই দেশ।

শুরু হলো 'বাংলা মোদের গর্ব'। দক্ষিণ ২৪ পরগনা জেলার ক্যানিং স্পোর্টস কমপ্লেক্সে এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাষ্ট্রমন্ত্রী দিলীপ মণ্ডল, সভাধিপতি নীলিমা মিস্ত্রি বিশাল, সাংসদ প্রতিমা মণ্ডল, বিধায়ক পরেশ রাম দাস, নমিতা সাহা, গিয়াসউদ্দিন মোল্লা, অতিরিক্ত জেলাশাসক (জেলা পরিষদ) প্রমুখ।

দুর্ঘটনায় মৃত্যু

নিজস্ব প্রতিনিধি— বাইকের ধাক্কায় মৃত্যু হল এক বৃদ্ধের। গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন বাইক আরোহী। বৃহস্পতিবার রাতে দুর্ঘটনাটি ঘটেছে বাঁকুড়ার রাইপুর-হলুদকানালী রাজ্য সড়কে। মৃতের নাম আদিত্য মাহাতো (৬৪)। তিনি প্রাক্তন রেলকর্মী। বৃহস্পতিবার রাতে বাঁকুড়ার রাইপুর-হলুদকানালী রাজ্য সড়কে হেঁটে বাড়িতে ফিরছিলেন আদিত্য। সেই সময় বাইক নিয়ে ওই পথ ধরে যাচ্ছিলেন মদনডি গ্রামের যুবক রমেশ মাহাতো। প্রত্যক্ষদর্শীদের দাবি, বাইকটি দ্রুত গতিতে ছিল। নিয়ন্ত্রণ হারিয়ে সেটি সজোরে ধাক্কা মারে আদিত্য মাহাতোকে। ধাক্কার অভিঘাতে দুই জনেই রাস্তায় ছিটকে পড়েন। বিকট শব্দে স্থানীয়রা দুর্ঘটনাস্থলে ছুটে আসেন। তাঁরাই দুই জনকে রক্তাক্ত অবস্থায় খাতড়া মহকুমা হাসপাতালে নিয়ে যান। সেখানকার চিকিৎসকরা আদিত্য মাহাতোকে মৃত বলে ঘোষণা করেন। অন্যদিকে, গুরুতর আহত রমেশ মাহাতো। তাঁর মাথা ও মুখে গুরুতর আঘাত লেগেছে। উন্নত চিকিৎসার জন্য তাঁকে স্থানান্তর করা হয়েছে বাঁকুড়া মেডিক্যাল কলেজ ও হাসপাতালে।